# শিবচর উপজেলা পরিষদের ২০২২ সনের ৫ম (মে) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৯-০৬-২০২২ তারিখের ১২.০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।** ২২-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার, শিবচর মাদারীপুর গত ২২-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগঃ** ঃ সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বৎসরে "বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)" প্রকল্পের আওতায় অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বিশেষ বরাদ্দ হিসাবে উপ সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, ঢাকা মহোদয়ের স্মার ক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-২৯৯, তারিখ ঃ ০১-০৬-২০২২ খ্রিঃ মোতাবেক ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গিয়াছে। সে প্রেক্ষিতে, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি মহোদয়ের অভিপ্রায়ে উক্ত বরাদ্দকৃত অর্থে মধ্যে সীমাবদ্ধ রেখে ০৬ (ছয়)টি কীম গ্রহন করতঃ ০৬ (ছয়)টি প্যাকেজ তৈরী করে প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উক্ত স্কীম সমূহের কাজ দ্রুত বাস্তবায়নের স্বার্থে এবং বরাদ্কৃত অর্থ ৩০ শে 'জুন/২০২২ ইং তারিখের মধ্যে ব্যয় করতে হবে বিধায়, জরুরী ভিত্তিতে অত্র দপ্তরের স্মারক নং-৪৬.০২.৫৪৮৭.০০০.০৭.০০১.২১-৬৩৯, তারিখ ঃ ০২-০৬-২০২২ ইং মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবান করা হয়েছে।

**প্রকল্প স্কীম সমূহ নিম্নরূপঃ**

| প্যাকেজ নং | স্কীম/প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | প্যাকেজে প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|
| ১. | শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নে বাচামারা বেড়ীবাঁধ হতে এ্যাডভোকেট মাহবুব এর বাড়ী পর্যন্ত এইচবিবি দ্বারা উন্নয়ন কাজ। (দত্তপাড়া) | ৮,০০,০০০.০০ | ৮,০০,০০০.০০ |
| ২. | শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নে টি,এন একাডেমীর বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। (দত্তপাড়া) | ৮,৬২,৫০০.০০ | ১০,৮৬,০০০.০০ |
| | শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়নে টি,এন একাডেমীর গার্ড রুম নির্মাণ কাজ। (দত্তপাড়া) | ২,২৩,৫০০.০০ | |
| ৩. | শিবচর উপজেলাধীন দত্তপাড়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার করণ কাজ। (দত্তপাড়া) | ২৯,১৪,০০০.০০ | ২৯,১৪,০০০.০০ |
| ৪. | শিবচর উপজেলাধীন পাঁচ্চর ইউনিয়নে হোগলার মাঠ এস,কে,পি হাই স্কুলে আরসিসি বাউন্ডারী ওয়াল এবং গেট নির্মাণ কাজ। (পাঁচ্চর) | ১৬,৭৫,০০০.০০ | ১৬,৭৫,০০০.০০ |
| ৫. | শিবচর উপজেলাধীন উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নতুন বাস ভবনের এসি, আসবাবপত্র এবং কোকারিজ সামগ্রী সরবরাহ কাজ। | ২৭,২৫,০০০.০০ | ২৭,২৫,০০০.০০ |
| ৬. | শিবচর উপজেলাধীন শিবচর দাদাভাই সড়কের নিকট এমদাদুলের দোকান হতে বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম ঢালীর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন কাজ। (শিবচর) | ৮,০০,০০০.০০ | ৮,০০,০০০.০০ |
| | **কথায় ঃ-(এক কোটি টাকা) মাত্র সর্বমোট=** | ১,০০,০০,০০০.০ | ১,০০,০০,০০০.০০ |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২১-২২ অর্থ বৎসরে **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"** প্রকল্পের উপরোক্ত ০৭ (সাত)টি ইউনিয়নের স্কীম গ্রহন করতঃ ০৬ (ছয়)টি প্যাকেজ তৈরী করে প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহ অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত ০৬ (ছয়)টি প্যাকেজের স্কীম সমূহ জরুরী ভিত্তিতে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবান করে পত্রিকায় প্রকাশসহ দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ কাজটি দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । সভায় উক্ত ব্যয় সমূহ **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)"** খাত থেকে মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক অফিসার সভায় জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।, । এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সকল ভাতাভোগীদের অর্থ মোবাইলে পৌছানো হয়েছে।। কোন ভাতাভোগী টাকা না পেয়ে থাকলে সমাজসেবা অফিসে অভিযোগ জানানোর জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ঝড়-বৃষ্টির কারণে মাঝে মাঝে বিদ্যুৎ বন্ধ থাকে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ন্যাশনাল সার্ভিসের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**বিবিধ আলোচনা-০১ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি)" প্রকল্প এর আওতায় শিবচর উপজেলাধীন উপজেলা চেয়ারম্যান এর নতুন বাস ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য ইতিপূর্বে ঠিকাদার মেসার্স মোহাম্মাদ ফারুক মিয়া, শিবচর, মাদারীপুর এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান এর উক্ত নতুন বাসভবন নির্মাণ কাজটি বাস্তবায়নকালে দেখা যায় যে, মূল প্রাক্কলনে ইলেকট্রিক ওয়ার্কসহ গাড়ীর গ্যারেজ, টাইলস, ভবনের চারপার্শ্বে মাটি ভরাট আইটেমের কাজ বাদ পড়ায় ঐ সকল আইটেমের কাজ জরুরীভাবে বাস্তবায়ন করা প্রয়োজন। সে প্রেক্ষিতে, কাজটি পরিপূর্ণভাবে বাস্তবায়ন করতে মূল প্রাক্কলনে ইলেকট্রিক ওয়ার্কসহ গাড়ীর গ্যারেজ, টাইলস,ভবনের চারপার্শ্বে মাটি ভরাট আইটেমের কাজ সংযোজন করে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। সে মোতাবেক সরেজমিনে পরিদর্শন করতঃ সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহার মূল চুক্তিমূল্যের সহিত অতিরিক্ত ব্যয় হবে টা=১০,২১,৬০৭.০০ (দশ লক্ষ একুশ হাজার ছয়শত সাত টাকা) মাত্র। অর্থাৎ সর্বমোট সংশোধিত প্রাক্কলিত মূল্য টা=১,৪৪,৪৮,৭৫৭.০০ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার সাতশত সাতান্ন টাকা) মাত্র। এমতাবস্থায়, বর্ণিত কাজটির **টা=১,৪৪,৪৮,৭৫৭.০০** (এক কোটি চুয়াল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার সাতশত সাতান্ন টাকা) মাত্র সংশোধিত প্রাক্কলন অনুমোদন করতঃ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় বরাদ্দ এবং প্রশাসনিক অনুমোদন জন্য প্রেরণ করা একান্ত প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি)" প্রকল্প এর আওতায় চলতি ২০২১-২২ অর্থ বৎসরে কাজটির টা=১,৪৪,৪৮,৭৫৭.০০ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার সাতশত সাতান্ন টাকা) **মাত্র** প্রস্তুতকৃত অনুমোদিত প্রাক্কলন চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরদ্বয় কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" প্রকল্পের অর্থে বন্দরখোল ইউনিয়নের নুরুদ্দিন মাদবরের কান্দি মডেল উচ্চ বিদ্যালয়ের একাডেমি ভবন নির্মাণ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বৎসরে শিবচর উপজেলার অন্তর্গত "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" প্রকল্প এর আওতায় চলতি ২০২১-২২ অর্থ বৎসরে শিবচর উপজেলার অন্তর্গত বন্দরখোল ইউনিয়নের নুরুদ্দিন মাদবরের কান্দি মডেল উচ্চ বিদ্যালয়ের একাডেমি ভবন নির্মাণ কাজটি ইতোপূর্বে নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% (শতভাগ) সম্পন্ন হয়েছে। ঠিকাদার মেসার্স নিক্সন ট্রেড লিংক, শিবচর, মাদারীপুর এর পাওনা বাবদ=২৪,৯২,৪১৮.০০ (চব্বিশ লক্ষ বিরানব্বই হাজার চারশত আঠার টাকা) মাত্র পরিশোধ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ**সভায় বিস্তারিত আলোচনান্তে "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" প্রকল্প এর আওতায় চলতি ২০২১-২২ অর্থ বৎসরে শিবচর উপজেলার অন্তর্গত বন্দরখোল ইউনিয়নের নুরুদ্দিন মাদবরের কান্দি মডেল উচ্চ বিদ্যালয়ের একাডেমি ভবন নির্মাণ কাজটি ইতপূর্বে নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% (শতভাগ) সম্পন্ন হয়েছে। ঠিকাদার মেসার্স নিক্সন ট্রেড লিংক, শিবচর, মাদারীপুর এর পাওনা বাবদ=২৪,৯২,৪১৮.০০ (চব্বিশ লক্ষ বিরানব্বই হাজার চারশত আঠার টাকা) মাত্র (ঠিকাদারী লাভ,ভ্যাট ও আয়কর এবং অন্যান্য সহ) পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" প্রকল্প এর অর্থ থেকে ঠিকাদারের পাওনা বাবদ টা=২৪,৯২,৪১৮.০০ (চব্বিশ লক্ষ বিরানব্বই হাজার চারশত আঠার টাকা) মাত্র (ঠিকাদারী লাভ,ভ্যাট ও আয়কর এবং অন্যান্য সহ) মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩। ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর আলোচনা করেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের নতুন বাসভবনে ৫টি সিসি ক্যামেরা, শিল্পকলা একাডেমিতে ৫টি ও উপজেলা পরিষদের অভ্যন্তরে ৪টিসহ সর্বমোট ১৪টি সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং নিরাপত্তার সার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা জরুরী প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্য উপজেলা পরিষদের অভ্যন্তরীন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণে একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের বিল পরিশোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ঃ আসবাবপত্র ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের বাসভবনে, অফিস কক্ষে ও অতিথি ভবনে ৩টি এলইডি টিভি ক্রয় এবং অতিথি ভবনের জন্য ০২ সেট সোফা ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে আসবাবপত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৫ঃ অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষে-৮টি, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে-০৮টি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি টোশিবা ফটোকপি মেশিন ও ১টি ফটোকপি মেশিন ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অফিস সরঞ্জাম ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৬ঃ অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে প্রাকৃতি দুযোর্গ ও অগ্নিকার্ডে ক্ষতিগ্রস্থদের রাজস্ব তহবিল থেকে ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে অপ্রত্যাশিত খাতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৭ঃ বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-৮ঃ উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং মে/২০২২ তারিখের মাসিক সভায় উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট অনুমোদন করা হয় এবং নিম্নরুপভাবে বাজেটের সারসংক্ষেপ উপস্থাপন করা হলো।

| | প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত বাজেট ২০২০-২০২১ | চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধনী বাজেট ২০২১-২০২২ | পরবর্তী বছরের বাজেট ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| অংশ-১ | রাজস্ব হিসাব প্রাপ্তি<br>রাজস্ব অনুদান | ৫০৮৪৭৫২৫ | ৬১৮৭০৫০৬ | ৬৬৯৯১৪৮৫ |
| | মোট প্রাপ্তি (ক) | ৫০৮৪৭৫২৫ | ৬১৮৭০৫০৬ | ৬৬৯৯১৪৮৫ |
| | বাদ রাজস্ব ব্যয় | ৩৬৫৪২৮৭০ | ২৫৫৮৯৩৮৪ | ২৫৩৩৮৯৯৮ |
| | রাজস্ব উদ্বৃত্ত | ২৪৩৫৭২১৮ | ১৪১৭৭৪৮৭ | ৪১৬৫২৪৮৭ |
| অংশ-২ | উন্নয়ন হিসাব<br>উন্নয়ন অনুদান | ২২৬১০১৫০ | ৩২৭৫৫০০০ | ৩২০২৭১৫০ |
| | রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন জমা) | ২৪৩৫৭২১৮ | ১৪১৭৭৪৮৭ | ৩৬২৮১১২২ |
| | উন্নয়ন অনুদান ও চাঁদা | | | |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | | | |
| | মোট (খ) | ৪৬৯৬৭৩৬৮ | ৪৬৯৩২৪৮৭ | ৬৮৩০৮২৭২ |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ৯৭৮১৪৮৯৩ | ১০৮৮০২৯৯৩ | ১৩৫২৯৯৭৫৭ |
| | বাদ উন্নয়ন ব্যয় | ৪৬৯৬৭৩৬৮ | ৪৬৯৩২৪৮৭ | ৬৮৩০৮২৭২ |
| | সর্বমোট ব্যয় (উন্নয়ন+রাজস্ব) | ৮৩৫১০২৩৮ | ৭২৫২১৮৭১ | ৯৩৬৪৭২৭০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত | ১৪৩০৪৬৫৫ | ৩৬২৮১১২২ | ৪১৬৫২৪৮৭ |
| | যোগ প্রারম্ভিক জের (১ জুলাই) | | | |
| | সমাপ্তি জের | | | |

**বিবিধ আলোচনা-০৯ঃ বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনাঃ** সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের চত্বর, উপজেলা পরিষদের লেকসহ পরিষদের অভ্যন্তরের সকল ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা করা হয় এবং রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী ব্যয় করার সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-১০ঃ উপজেলা রেস্ট হাউস সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর জানান যে, পদ্মা সেতু উদ্বোধনসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শনে মাননীয় মন্ত্রীবর্গ, বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সরকারি উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ আসেন। উপজেলায় পর্যাপ্ত রেস্ট হাউস না থাকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর এর নতুন বাসভবন উপজেলা রেস্ট হাউস হিসেবে ব্যবহার করা হলে উপজেলা চেয়ারম্যানের কোন আপত্তি নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর এর নতুন বাসভবন উপজেলা রেস্ট হাউস হিসেবে ব্যবহারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর এর নতুন বাসভবন উপজেলা রেস্ট হাউস হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-১১ঃ উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সংক্রান্ত আলোচনাঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২৯-০৮-২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬. ৪৯৮.২০-৫৩১নং স্বারকে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ির জ্বালানি ব্যবহার সংক্রান্ত জারির্কৃত পরিপত্রে ১৬ বা তার বেশি ইউনিয়নের জন্য প্রতি মাসে ২৫০ লিঃ/৩৫৮ ঘঃ মিঃ জ্বালানি/গ্যাস প্রদানের নির্দেশনা রয়েছে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের জীগগাড়ির জ্বালানি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা চেয়ারম্যানের গাড়ির জ্বালানি ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-১২ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালের হার কমাতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-১৩ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৪৭৭ তারিখঃ ১২-০৬-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, মাদারীপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৯। উপজেলা ........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান ........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।
১১। জনাব ........................................ শিবচর, মাদারীপুর।
১২। অফিস

১২/৬/২২

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।